

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৪৪(আগরতলা-১৪।০৯)
ধর্মনগর, ১৪ সেপ্টেম্বর' ১৭

কালাছড়া ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসবে ব্যাপক সাড়া

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কালাছড়া ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি ও বনমহোৎসব গতকাল অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি, বন দপ্তর এবং কালাছড়া ব্লকের যৌথ উদ্যোগে কালাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের হলে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক ফয়জুর রহমান। উদ্বোধকের ভাষণে তিনি লোক সংস্কৃতি ও বনমহোৎসবের প্রয়োজনীয়তা ও গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন অবসরপ্রাপ্ত শিক্ষক নীলকান্ত সিনহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবশিশ নাথ, বন দপ্তরের অতিরিক্ত ডি এফ ও অতনু সাহা। স্বাগত ভাষণ রাখেন ব্লকের বি ডি ও আশীষ বিশ্বাস। সভাপতিত্ব করেন কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপ্তি রানী দেবনাথ। অনুষ্ঠানে ব্লক এলাকার দুই শতাধিক শিল্পী লোক সঙ্গীত ও লোক নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে অতিথিগণ বিদ্যালয় প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বাসুদেব দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের প্রাক্তন সদস্য শ্যামল দাস, বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম বিশ্বাস।

This document was created by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com